



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-২২৯/ ৬৭০/২

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

বিষয়: সুপার পদে দায়িত্ব পালন প্রসঙ্গে।

- সূত্র: ১. জেলা প্রশাসকের কার্যালয় ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৪৫.৬১০০.০২৩.০৫.০০২.২২.২৯; তারিখ: ২৯ মার্চ ২০২২
২. নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-২২৯/২৮২; তারিখ: ১৯ মে ২০২২;
৩. জনাব মো: শাহজাহান এর ২২/০৫/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: মোফাজ্জল হক এর অভিযোগের প্রেক্ষিতে জেলা প্রশাসক, ময়মনসিংহ তদন্ত করে সূত্রোক্ত ০১ নং স্মারকে অত্র বোর্ডে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনের আলোকে সুপার জনাব মো: মোফাজ্জল হক স্থায়ী দায়িত্ব যথাযথ পালন করবে মর্মে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র জারি করা হয়। পরবর্তীতে জনাব মো: শাহজাহান (ভারপ্রাপ্ত সুপার দাবিদার) অত্র মাদ্রাসার সুপার এর বিরুদ্ধে অনিয়মের অভিযোগের করা মামলা নং ৫৩/২০২২ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সূত্রোক্ত ০২ নং স্মারকের কার্যকারিতা স্থগিত রাখার জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে আবেদন করেন। অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টা মতামত প্রদান করেন যে, মামলা নং ৫৩/২০২২ এর আলোকে সূত্রোক্ত স্মারকে বোর্ড কর্তৃক জারিকৃত পত্রের কার্যকারিতা স্থগিত রাখার আইনগত কোন সুযোগ নাই।

বর্ণিত অবস্থায় মামলা নং ৫৩/২০২২ এর আলোকে পত্রের কার্যকারিতা স্থগিত রাখার আইনগত সুযোগ না থাকায় কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার স্থায়ী পদে যথাযথ দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে পুনরায় অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব মো: শাহজাহান (সহকারী মৌলভী)
কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ;

নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-২২৯/ ৬৭০/২

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ;
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ;
৫. সভাপতি, কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ;
৬. সুপার, কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ;
৭. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি

(মো: ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd